

সন্ধানসূত্র

শুভেন্দু ইমাম

উৎস প্রকাশন



প্রকাশনার চব্বিশ বছর
উৎস প্রকাশন

স্বত্ব
লেখক

প্রকাশকাল
অমর একুশে গ্রন্থমেলা ২০২৪

প্রকাশক
মোস্তফা সেলিম
উৎস প্রকাশন
১২৭ আজিজ সুপার মার্কেট (৩য় তলা), শাহবাগ, ঢাকা-১০০০
ফোন: +৮৮০ ২ ৯৬৭৬০২৫, ০১৭৫ ৪৯৮৭৯৩৫, ০১৭১৫ ৪০৪১৩৪
ই-মেইল : utsopro2001@gmail.com

প্রচ্ছদ
মোস্তাফিজ কারিগর

মুদ্রণ
সানজানা প্রিন্টার্স, ৮১/১ নয়াপল্টন, ঢাকা-১০০০

দাম : ২০০ টাকা

Sandhansutra by Shubhendu Imam
Published by Mustafa Salim of Utso Prokashan
127 Aziz Super Market (2nd floor), Shahbagh, Dhaka 1000.

ISBN : 978-984-97518-1-6

সূচি

০৯ দাওয়া, জলচৌকি	মায়ামন্ত্র ২৮
১০ মরা গাঙে ফের	উদ্ভয়নপর্ব ২৯
১১ সৌন্দর্য ছুঁতে পারি না	পতন ৩০
১২ জন্ম	বিষাদ ৩১
১৩ দিনযাপন	আমার সমস্ত সত্তা জুড়ে ৩২
১৪ অস্তিত্ব	আপনার পথ অন্য ৩৩
১৫ বড় কোলাহল হৈ চৈ	ছিন্নচিত্র ৩৪
১৬ মনে করো	ঘুম ৩৫
১৭ ভাষাপ্রকাশ	মুখ এবং ৩৬
১৮ ভিড়ে	মুখগুলি সুখগুলি ৩৭
১৯ ঈশানে জমেছে মেঘ	দৃষ্টির আড়াল ৩৮
২০ ভাঙন	স্বপ্নের মৌতাত ৩৯
২১ দরোজা কিংবা সমুদ্রের গল্প	স্বপ্নের শহর ৪০
২২ আবহাওয়াবার্তা	কতিপয় ভালোবাসা ৪১
২৩ মুখোমুখি	চারদিকে অন্ধকার ৪২
২৪ সমর্পণ	পৃথিবীর পথে ৪৩
২৫ সন্ধানসূত্র	দায় ৪৪
২৬ পাড়ি	বৃষ্টি বৃষ্টি ৪৫
২৭ হাওয়া এবং	মুক্ত বিহঙ্গ ৪৬

দাওয়া, জলচৌকি

দাওয়া জলচৌকি ঘন কুয়াশা
টুকরো-টুকরো দৃষ্টি, দৃষ্টির আড়ালে স্মৃতি
নৈঃশব্দ্য অথবা অপ্রকাশ—বোবা যন্ত্রণার ক্ষণ
প্রতীক্ষার জগদল পাথর

সময় ক্রমশ পচনশীল, অবসন্ন বাকযন্ত্র
তবু মৌনতা অনেক বেশি প্রকাশপ্রবণ—
কল্পনাবিস্তার লোকে-লোকে, মেঘে-মেঘে
তর্জন-গর্জন—বিদ্যুচ্চমক চোখাচোখি
অন্তরালে অকস্মাৎ বহুবর্ণ বিভা

মুখোমুখি আজন্ম-আমৃত্যু
জলচৌকি, নতজানু... দাওয়া
মগ্ন কুয়াশার স্মৃতি
টুকরো-টুকরো দৃষ্টি, অস্পষ্ট ক্রমশ।

মরা গাঙে ফের

এই তো রঙিন ভোর এলো
তির্যক ভঙ্গিতে রোদ
মেলে ধরে বর্ণছটা
বারবণিতা-স্বভাবে
বাতাস ফণা তোলে
হু-হু শব্দে কেঁপে ওঠে
পরিপার্শ্ব

মরা গাঙে ফের
উথাল-পাথাল ঢেউ
দারুণ রোমাঞ্চকর।

সৌন্দর্য ছুঁতে পারি না

কলোনির মাঠে
উদ্যম শরীরে জোছনা টপটপ বারে ।

উদ্দাম হিম হাওয়া, এলোমেলো জীবনজগৎ
স্মৃতি ও বিস্মৃতি নৃত্যে মগ্ন
মগজের কোষে ।
গেলাস গেলাস গিলি মছয়ার রস
আমি এবং আমরা ক-জন
এক, দুই, চার কিংবা
তারও অধিক ।
মাথায় আকাশ ঘোরে
বোধিতে বিভ্রম জাগে, বোকা চাঁদ অচঞ্চল-স্থির :
গলায় দিয়েছে দড়ি । উন্মত্ত নক্ষত্ররাজি নাতিদীর্ঘ ঘাসে
লুটোপুটি গড়াগড়ি খায়, উঁচু ইমারতগুলো
পরস্পর আলিঙ্গনে মত্ত ।
সৌন্দর্য অস্থিরচিত্ত — অবুঝ, সরল ।
মাঠের ওপাশ থেকে অষ্টাদশী সৌন্দর্যেরা
ইশারায় কাছে ডাকে । হাঁটবো কীভাবে
আমরা তো দাঁড়াতেই অপারগ ।

কলোনির মাঠে
সৌন্দর্য ছুঁতে পারি না ।

জন্ম

সে যে অনন্ত পতন
সে যে উন্মত্ত বিনাশ
সে যে আমৃত্যু দহন
সে যে উন্মত্ত নিঃশ্বাস ।

দিনযাপন

অশ্রুপাতে দিন কেটে যায়
বীর্যপাতে রাত
স্বপ্ন-ধ্যানে প্রহর যাপন
প্রেমবাণে কাত ।

অস্তিত্ব

শব্দ শুনে টের পাই
তাকাতে তাকাতে তুমি নাই ।

বড় কোলাহল হৈ চৈ

বড় কোলাহল হৈ চৈ
হট্টগোল চতুর্দিকে, দৌড়াদৌড়ি
দিশেহারা সব ।

বড় অবিশ্বাস — বড় নিরুত্তাপ কথাবার্তা
প্রেমহীন দিনরাত্রি, নেই প্রগাঢ় চুম্বন — ভালোবাসা
নেই একান্তে গোপন আলিঙ্গন
সন্দেহ সর্বত্র — যেন অনাছত
আগম্বুক ।

বড় কোলাহল, বড় কষ্ট
বড় হৈ চৈ, হট্টগোল
বড় নির্বাক
দিনরাত ।

মনে করো

আমরা বাড়ে বিধ্বস্ত কোনো জাহাজের
পক্ষু কিছু যাত্রী, মনে করো
ছড়িয়ে-ছিটিয়ে আছি ইতস্তত
বাকরুদ্ধ
মৃতপ্রায়
কিংবা মনে করো
পোড়ো এক বাড়ির বাসিন্দা
মরেও নেই বেঁচেও নেই
নিস্তরক নিথর
মনে করো মোটামুটি
এরকম আমাদের দশা

এই অবস্থায়
আমাদের কিছুই কি করণীয় নেই?